# বাংলা বিভাগ অ্যালামনাই
রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রধান কার্যালয়: কক্ষ ১৪৬, শহীদুল্লাহ কলাভবন, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়


তারিখ : ০৪-০২-২০১৮
সভার স্থান:বাংলা বিভাগ, শহীদুল্লাহ কলাভবন,
রাজশাহী বিশ্ববিদ্যালয়

## কার্যনির্বাহী পরিষদের দ্বাদশ সভার কার্যবিবরণী

বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয় এর কার্যনির্বাহী পরিষদের দশম সভা বর্ধিত সভা হিসেবে ২৫ জানুয়ারি,২০১৮ বৃহস্পতিবার দুপুর ১২টায় শহীদুল্লাহ কলাভবনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলা বিভাগ অ্যালামনাই এর সভাপতি কবি আপেল আবদুল্লাহ। সভা পরিচালনা করেন বাংলা বিভাগ অ্যালামনাই এর সাধারণ সম্পাদক প্রফেসর ড. পি এম সফিকুল ইসলাম। সভায় সংগঠনের উপদেষ্টাগণসহ কার্যনির্বাহী পরিষদ ও সাধারণ পরিষদের সদস্যগণ উপস্থিত ছিলেন।

আলোচ্যসূচি অনুযায়ী দ্বি-বার্ষিক সাধারণ সভার চূড়ান্ত প্রস্তুতি, গঠনতন্ত্র সংশোধনী, সহ-সভাপতির ১টি পদ, মোল্লাহ এবাদত হোসেন গবেষণা সাহিত্য স্মৃতি পদক, দ্বি-বার্ষিক সম্মিলনের সম্ভাব্য আয়-ব্যয়সহ বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্তসমূহ :

১। একাদশ সভার কার্যবিবরণীতে উল্লিখিত কয়েকটি কমিটিতে পরিবর্তন, সংযোজন ও বিয়োজন করে চূড়ান্ত করা হয়।

২। সভায় সিদ্ধান্ত হয়, জাঁকজমকের সাথে ২য় সম্মিলন উদযাপন করা হবে। তবে সকল ক্ষেত্রে ব্যয় সংকোচন নীতি মেনে গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়ন করতে হবে।

৩। মোল্লাহ এবাদত হোসেনের পরিবার থেকে মোল্লাহ এবাদত হোসেন গবেষণা সাহিত্য স্মৃতি পুরস্কার বাংলা বিভাগ অ্যালামনাই কর্তৃক আয়োজনের প্রস্তাব সভায় আলোচনা করা হয়। এ পুরস্কারের মূল্যমান হবে ২৫,০০০.০০ (পচিঁশ হাজার মাত্র) টাকা। সভায় এ প্রস্তাব গ্রহণ করে বাংলা বিভাগ অ্যালামনাই থেকে তা আয়োজন করার সিদ্ধান্ত নেয়া হয়।

৪। বর্তমানে অ্যালামনাইয়ের সাধারণ সম্পাদক বাংলা বিভাগের চেয়ারম্যান। গঠনতন্ত্র অনুযায়ী বাংলা বিভাগের চেয়ারম্যানের জন্য সহ-সভাপতির একটি পদ নির্ধারিত আছে। আবার গঠনতন্ত্রে এ কথাও উল্লেখ আছে, যদি সংশ্লিষ্ট ব্যক্তি পূর্ব থেকে কার্যনির্বাহী পরিষদের কোনো পদে অধিষ্ঠিত থাকেন তাহলে তিনি যে পদে অধিষ্ঠিত থাকতে চান সে পদে থাকতে পারবেন। সাধারণ সম্পাদক সভাপতির কাছে লিখিত আবেদন করে সাধারণ সম্পাদক পদে অধিষ্ঠিত থাকার ইচ্ছা পোষণ করায় তিনি সে পদে অধিষ্ঠিত থাকবেন বলে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত হয়।

৫। কার্যনির্বাহী পরিষদের সহ-সভাপতি জনাব মাহমুদ হাসান আনীত গঠনতন্ত্র সংশোধনী প্রস্তাবসমূহ সভায় বিবেচনার জন্য দ্বি-বার্ষিক সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয় ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আপেল আবদুল্লাহ্
সভাপতি
বাংলা বিভাগ অ্যালামনাই

প্রফেসর ড. পি, এম, সফিকুল ইসলাম
সাধারণ সম্পাদক
বাংলা বিভাগ অ্যালামনাই


যোগাযোগ : ০১৭১৮-০০১৮১৭, ০১৯১৪-২৫৪১৭৯, ০১৭১৮-০৫৬৭৬৭,
ই-মেইল : aapelabdullah@gmail.com, anikmahmud146@gmail.com
সকল হালনাগাদ তথ্যের জন্য ভিজিট করুন ওয়েব সাইটঃ www.bangladeptalumniru.org